


১। চিহ্নিত সেবাঃ মৎস্য নৌযানের লাইসেন্স প্রদান সংক্রান্ত তথ্যাদি ব্যবস্থাপনা।

২। সমস্যার / বর্তমান ফ্লো-চার্টঃ



সেবার সমস্যা	সমস্যার কারণ	সেবা গ্রহীতা বা জনগণের ভোগান্তি
ক. লাইসেন্স প্রদানে বেশী সময় ক্ষেপন হওয়া; খ. শ্রমের অপচয়; গ. অর্থের অপচয়; গ. নৌযান ক্রয় ও বিক্রয়কারী এর প্রয়োজনীয় তথ্যাবলির ঘাটতি;	বর্তমানে ম্যানুয়াল পদ্ধতিতে লাইসেন্সের জন্য আবেদন করতে হয় ফলে আবেদনকারীর লাইসেন্স পেতে দীর্ঘসময় (৬০ দিন) প্রয়োজন হয়। এতে আবেদনকারীর সময়, শ্রম ও অর্থের অপচয় হয়। অপরদিকে আবেদনকারীর আবেদনের সাথে প্রয়োজনীয় তথ্যাদি (ডিজিটাল ডাটাবেজ) না থাকায় সিদ্ধান্ত গ্রহণে দীর্ঘসূত্রীতা সৃষ্টি হয়। আবেদনকারী আবেদনের সাথে প্রয়োজনীয় তথ্যাদি কি কি দিতে হবে সে সম্পর্কে অবগত না থাকায় আবেদন অসম্পন্ন রয়ে যায়।  নৌযানের মালিকানা, নৌযানের Category, নবায়ন, নৌযানের Fitness, মাছ ধরার অনুমোদিত এলাকা, মৎস্য ধারণ ক্ষমতা, নৌযানে লোকবল, IUU Reporting, মৎস্য সংরক্ষণ ব্যবস্থা ইত্যাদি বিষয়য়ে তথ্য একত্র না থাকা।	সেবা গ্রহীতার সময়, শ্রম ও অর্থের অপচয় হয়। নৌযান সম্পর্কিত প্রয়োজনীয় তথ্যাদি এবং সিদ্ধান্ত গ্রহণে প্রক্রিয়া সম্পর্কে জানা না থাকায় ক্রয়-বিক্রয় পরবর্তী সমস্যার সম্মুখীন হওয়া।

**সমস্যা সম্পর্কিত বিবৃতিঃ** পরিচালক, সামুদ্রিক মৎস্য দপ্তর হতে মৎস্য নৌযানের মৎস্য লাইসেন্স সংক্রান্ত তথ্যাদি প্রাপ্তিতে জটিলতা এবং আবেদনের ফরম্যাট, প্রয়োজনীয় কাগজপত্রাদি সম্পর্কের ধারণা না থাকা।


৩। **ইনোভেশনঃ** মৎস্য নৌযান এর ক্রয়-বিক্রয় তথ্যাদি ও মৎস্য লাইসেন্স প্রদানের জন্য প্রয়োজনীয় তথ্যাদি ব্যবস্থাপনা সহজীকরণের মাধ্যমে ইলেক্ট্রনিক পদ্ধতির প্রবর্তন।

৪। **নতুন প্রাকটিসঃ** ইলেক্ট্রনিক পদ্ধতেতি মৎস্য লাইসেন্স-এর তথ্যাদি ও ক্রয়-বিক্রয় সংক্রান্ত তথ্য সহজে প্রাপ্তি।

৫। **নতুন প্রাকটিস চালু করার জন্য গ্রহীত পদক্ষেপসমূহঃ**

- ক) নৌযান লাইসেন্স সংক্রান্ত তথ্যাদির ডাটাবেজের প্রবর্তন (ওয়েবসাইটে সংরক্ষণ)
- খ) নৌযান লাইসেন্স অথবা নবায়নের জন্য ছক / ফরম্যাট ওয়েবসাইটে সংরক্ষণ
- গ) নৌযান লাইসেন্স অথবা নবায়নের জন্য প্রয়োজনীয় কাগজ-পত্র সম্পর্কিত তথ্য ওয়েবসাইটে সংরক্ষণ
- ঘ) ক্রয়-বিক্রয় সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদির ডাটাবেজের প্রবর্তন (ওয়েবসাইটে সংরক্ষণ)

৭। পরবর্তীত ফ্লো-চার্টঃ



৭। ইনোভেশনটির শিরোনাম: মৎস্য নৌযানের লাইসেন্স প্রদান সংক্রান্ত তথ্যদি ব্যবস্থাপনা।

৮। প্রত্যাশিত ফলাফল (TCV):

	সময় (দিন)	খরচ (টাকা)	যাতায়াত
আইডিয়া বাস্তবায়নের পূর্বে	৬০	২০০০০.০০	৩
আইডিয়া বাস্তবায়নের পরে	৩০	৫০০০.০০	১
মোট পার্থক্য	৩০	১৫০০০.০০	২
অন্যান্য (TCV কমেনি, কিন্তু গুনগত মান বৃদ্ধি কিংবা অন্যান্য সুবিধা বেড়েছে)।	TCV ও গুনগত মান বৃদ্ধি		